দৈনিক বাংলা

তারিখ 18 AUG 1993
পৃষ্ঠা... ৫ ...কলাম... ৭ ...

৮০

# শিক্ষার পরিবেশ বজায় রাখুন ঃ বদরুদ্দোজা

মুন্সিগঞ্জ, ১৭ আগস্ট।–জাতীয় সংসদের উপনেতা অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা এবং শিক্ষা ব্যবস্থার উন্নয়নে ছাত্র–শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।

সংসদ উপনেতা মঙ্গলবার মুন্সিগঞ্জে বিক্রমপুর আদর্শ কলেজের বিজ্ঞান ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন উপলক্ষে কলেজ প্রাঙ্গণে আয়োজিত এক ছাত্র–অভিভাবক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণীর।

সংসদ সদস্যা বেগম সামছুন্নাহার খাজা আহসান উল্লাহও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

অধ্যাপক চৌধুরী বলেন, বর্তমান বি এন পি সরকার দেশে শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণে আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। এ প্রসঙ্গে তিনি দেশে গণশিক্ষার প্রসার ও প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলককরণ এবং বিজ্ঞান শিক্ষার উন্নয়নে সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচীর কথা উল্লেখ করেন। তিনি এসব কর্মসূচী বাস্তবায়নে সরকারের পাশাপাশি বিভিন্ন সংগঠন, সংস্থা, এনজিওসহ সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্যও আহ্বান জানান।

সংসদ উপনেতা বলেন, দেশে সম্পদের সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও সরকার শিক্ষাখাতকে অগ্রাধিকার দিয়ে শিক্ষার জন্য বাজেটে সর্বোচ্চ বরাদ্দ রেখেছে।

কলেজের অধ্যক্ষ আইউব আলী ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় ইমতিয়াজ উদ্দীন বাবুল, রফিকুল ইসলাম চৌধুরী, মজিবুর রহমান, আমানউল্লাহ ভূঁইয়া, মোয়াজ্জেম হোসেন বাবুল, আব্দুল মালেক খান, আব্বাস আলী মুন্সী, শাজাহান খান এবং এডভোকেট আবদুল মালেক বক্তব্য রাখেন।

এর পূর্বে সংসদ উপনেতা কলেজের বিজ্ঞান ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। উল্লেখ্য, তিনতলাবিশিষ্ট বিজ্ঞান ভবন নির্মাণের এ প্রকল্পটি প্রায় ১৮ লক্ষ টাকা ব্যয়ে শিক্ষামন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে।

সংসদ উপনেতা কলেজ প্রাঙ্গণে গাছের চারা রোপণ করে কলেজের বৃক্ষরোপণ কর্মসূচীর উদ্বোধন করেন।